

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভার তারিখঃ ২৭/০২/২০২২ খ্রি।

সভার সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব বর্না রহমান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পদবী স্বাক্ষর

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও ঠিকানা	কমিটিতে অবস্থান	উপস্থিতি স্বাক্ষর
০১	জনাব বর্না রহমান ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব ডাঃ সজল কুমার দাস উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৩	জনাব সিরাজুল ইসলাম-চেয়ারম্যান বিশনন্দী ইউনিয়ন পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৪	জনাব সফর আলী (বীর মুক্তিযোদ্ধা) সাবেক চেয়ারম্যান, মাহমুদপুর ইউনিয়ন পরিষদ।	সদস্য	"
০৫	জনাব জাকির হোসেন মোল্লা, বিশিষ্ট সমাজসেবক গোপালদী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৬	জনাব মামুন আর রশিদ, বিশিষ্ট সমাজসেবক আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৭	মাহমুদা আকতার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য-সচিব	"

আলোচ্যসূচীঃ

- ১। সভার লক্ষ্য ও উদ্দেশ্য উপস্থাপন।
- ২। উপজেলা মৎস্য দপ্তরের সার্বিক কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ৩। বিবিধ।

অধ্যকার উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভা জনাব বর্না রহমান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা অধ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন এবং কর্মসূচী বাস্তবায়নে সকল সম্মানিত সদস্যদের আলোচনা ও নির্দেশনা প্রদানের আশ্বাস জানান।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৭৮ জন মৎস্যচাষিকে মাছচাষের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বাজারে ও নদীতে জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে যথারীতি মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা হচ্ছে।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা আরো জানান যে, ২৭/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম সময়ে এ যাবৎ ৩১ টি অভিযান পরিচালনা, ২০০ কেজি জাটকা ইলিশ আটক, ৩৬ টি আড়ৎ ও ১৩৪ টি বাজার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন যথারীতি চলমান থাকবে। এছাড়া মৎস্যচাষ সম্প্রসারণ ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।